রাষ্ট্রপতির সঙ্গে জাভেদ মাসুদ মিল্টনের সৌজন্য সাক্ষাৎ

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাভেদ মাসুদ মিল্টন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন।

আজ রোববার (১৩ সেপ্টেম্বর) রাষ্ট্রপতির বাসভবন বঙ্গভবনে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

সাক্ষাৎকালে জাভেদ মাসুদ মিল্টন রাষ্ট্রপতির সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করেন এবং তাঁর সঙ্গে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে কুশল বিনিময় করেন।

এ সময় রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর জাভেদ মাসুদ মিল্টনের সঙ্গে মেহেরপুরের বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন বলে জানা গেছে।

দামুড়হুদায় মানবসেবা স্বেচ্ছায় রক্তদান সংগঠনের সৌজন্য সাক্ষাৎ

দামুড়হুদার নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ওসি’ কে ফুলেল শুভেচছা জানিয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন মানবসেবা স্বেচ্ছায় রক্তদান সংগঠনের নেতৃবৃন্দ। গতকাল মঙ্গলবার বেলা ১১টায় সংগঠনটির পক্ষ থেকে নবযোগদানকৃত তিন কর্মকর্তার সাথে পৃথক সৌজন্য পরবর্তী মতবিনিময় সভা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, মানবসেবা স্বেচ্ছায় রক্তদান সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুর রহিম, দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি এনামুল হক, সাধারণ সম্পাদক মো জাহিদুল ইসলাম, দামুড়হুদা সদর

ইউনিয়ন শাখার সভাপতি আবু তালহা, হাউলী ইউনিয়ন শাখার সভাপতি সাংবাদিক মো জহিরুল ইসলাম, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ শাখার সভাপতি আকাশ, সাধারণ সম্পাদক সজিবসহ সুমন, রাসেল, শাহিন, সাইফুল প্রমুখ।

উল্লেখ্য, স্বেচ্ছাসেবী এই সংগঠনটি দীর্ঘদিন যাবত স্বেচ্ছায় রক্তদান, শীতাত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ, মেধাবী শিক্ষার্থীদের আর্থিক অনুদানসহ বিভিন্ন সামাজিক কার্যক্রম পরিচালনা করে আসছে। উপজেলা জুড়ে বেশ প্রশংসিত এই সংগঠনটি।

চুয়াডাঙ্গায় জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের আহ্বায়ক কমিটির সৌজন্য সাক্ষাৎ

চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের নবগঠিত আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দ। এ সময় তাঁকে ফুলের শুভেচ্ছা জানান কমিটির সদস্যরা।

সোমবার সকাল ১০টায় জেলা বিএনপি’র কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। নবগঠিত কমিটির নেতৃবৃন্দ শরীফুজ্জামান শরীফের নির্দেশনায় সংগঠনকে আরোও সুসংগঠিত ও গতিশীল করার প্রত্যয় ব্যক্ত করেন।

চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ শরীফুজ্জামান শরীফ বলেন, ‘এই পরিবর্তনটা অত্যন্ত প্রয়োজনীয় ছিল। দীর্ঘ ১৬ বছর ফ্যাসিস্ট সরকারের শাসনামলে আইনজীবী ফোরামের নেতৃত্বে যারা ছিলেন, সেসময় আমাদের ওপর চলেছে নানা নির্যাতন ও নিপীড়ন। ভয়ের আবহে আমাদের পথ চলতে হয়েছে। আমরা স্বৈরাচারবিরোধী লড়াই করে বহু চেষ্টা করেও কোনো সংগঠনকে সামনে এগিয়ে নিতে পারিনি।’

তিনি বলেন, ‘একটা সময় ছিল, যখন কেউ আইনজীবী ফোরামের সদস্য হতে

চাইতো না। জোর করে সদস্য করা হতো। কিন্তু এখন পরিস্থিতি অনেকটাই বদলেছে। দেশে একটি সুষ্ঠু চর্চার পরিবেশ তৈরি হয়েছে। এই চর্চাকে অব্যাহত রাখতে হবে, যাতে আমরা নতুন করে আবারও গণতান্ত্রিক ধারায় সামনে এগিয়ে যেতে পারি। নবগঠিত আইনজীবী ফোরামের এই কমিটির মাধ্যমে আমরা চাই সদস্য সংগ্রহ থেকে শুরু করে সম্মেলন পর্যন্ত প্রতিটি ধাপ গণতান্ত্রিক প্রক্রিয়ায় সম্পন্ন হোক।’

তিনি আরও বলেন, ‘চুয়াডাঙ্গায় অতীতে অঙ্গ ও সহযোগী সংগঠনগুলোর প্রতি জেলা বিএনপিতে অনীহা ছিল। কেউ সহযোগিতার হাত বাড়িয়ে দেয়নি। তবে বর্তমান সভাপতি ও আমরা যারা এখন জেলা বিএনপির নেতৃত্বে রয়েছি, আমরা চাই সব সংগঠনকে পূর্ণাঙ্গ সহযোগিতা করতে। আইনজীবী ফোরামের এই নবনির্বাচিত কমিটির সদস্যদের বলবো, আপনারা আপনাদের কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎ করেন এবং একইসঙ্গে তাঁদের কাছ থেকে পরামর্শ নিয়ে আসুন।’ যেন তুলতে পারেন।’

শরীফুজ্জামান, নতুন কমিটির সদস্যদেরকে পূর্বের হতাশা ভুলে আগামী দিনের এই ফোরামকে আরও সুসংগঠিত ও শক্তিশালী রূপে গড়ে তুলতে একে অপরের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়ে বক্তব্য শেষ করেন।

সাক্ষাতে উপস্থিত নেতৃবৃন্দ আইনজীবী ফোরামের সাংগঠনিক কাঠামো ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন। এসময় উপস্থিত ছিলেন জেলা জজ আদালতের সরকারি কৌশুলী (জিপি) অ্যাড. আব্দুল খালেক, জেলা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাড. মারুফ সরোয়ার বাবু, চুয়াডাঙ্গা জেলা আইনজীবি সমিতি সাধারণ সম্পাদক আহসান আলী, নবগঠিত আইনজীবী ফোরামের আহ্বায়ক কমিটির আহ্বায়ক অ্যাড. আ.স.ম আব্দুর রউফ, সদস্য সচিব অ্যাড. মানজার আলী জোয়ার্দ্দার হেলাল, আইনজীবী ফোরামের নবগঠিত আহ্বায়ক কমিটির সদস্য অ্যাড. আব্দুল্লাহ আল মামুন, অ্যাড. সিরাজুল ইসলাম, অ্যাড. মো. বদিউজ্জামান, অ্যাড. খন্দকার অহিদুল আলম মানি খন্দকার, অ্যাড. রুবিনা পারভীন প্রমূখ।

মেহেরপুরে জেলা বিএনপি’র প্রবীণ নেতাদের সাথে সৌজন্য সাক্ষাৎ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণের সময় মেহেরপুর জেলা বিএনপি’র প্রবীণ নেতাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ।

আজ শনিবার (২৮ ডিসেম্বর) বিকেলে দিকে মেহেরপুর পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে প্রবীণ বিএনপির নেতাদের সাথে এই সৌজন্য সাক্ষাৎ করেন।

সে সময় বিএনপির সাবেক নেতা আব্দুর রশিদ, তকবির হোসেন, আসাদুল, আজিম উদ্দিন, সাইফুল ইসলাম, নুরুলনবী বাবু উপস্থিত ছিলেন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, মেহেরপুর জেলা যুবদলের সহ সভাপতি আনিসুর রহমান লাভলু, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের যুগ্ম আহবায়ক মশিউর আলম দিপু, বিএনপি’র নেতা নাহিদ আহমেদ, পৌরসভা ৬নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক জনি, পৌরসভার ২নং ওয়ার্ডের যুবদল নেতা ইমন বিশ্বাস সহ বিভিন্ন নেতাকর্মীরা।

মেহেরপুরে বিভিন্ন সরকারি কর্মকর্তাদের সাথে জেলা জামায়াতের সৌজন্য সাক্ষাৎ

মেহেরপুরে জেলা প্রশাসক, জেলা সিভিল সার্জন, জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ও বিএডিসির ডিডি সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন

মেহেরপুর জেলা জামায়াতের আমীরসহ বিভিন্ন নেতৃবৃন্দ ।

আজ বুধবার (৪ সেপ্টেম্বর) মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর পক্ষ থেকে জেলা আমীরের নেতৃত্বে জেলা নেতৃবৃন্দ এ সৌজন্য সাক্ষাৎ করেন।

সৌজন্য সাক্ষাতে জেলা জামায়াতের আমীর বলেন, অভ্যুত্থান পরবর্তী সময়ে সাধারণ জনগণের সরকারি সেবা নিশ্চিত করার লক্ষ্যে জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা যেন কোন বিশেষ মহলের চাপ ছাড়ায় জনগনকে নিরবিচ্ছিন্ন ভাবে সেবা দিতে পারে সে ব্যাপারে আলোচনা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলম, জেলা সেক্রেটারি মোঃ ইকবাল হোসাইন, জেলা সমাজকল্যাণ সেক্রেটারি মোঃ জারজিস হোসাইন, জেলা রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, জেলা শ্রমিক কল্যাণ সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা যুব বিভাগের সভাপতি কাউন্সিলর সোহেল রানা ডলার, জেলা শিক্ষক ফেডারেশনের সভাপতি আল-আমিন ইসলাম বকুল ও জেলা ব্যবসায়ী বিভাগের সভাপতি সাইফুল ইসলাম প্রমুখ।

রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ এম এ এস ইমনের

বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক ও রাজধানী টিভির চেয়ারম্যান, তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমন।

আজ শনিবার বঙ্গভবনে তিনি রাষ্ট্রপতি মো:শাহাবুদ্দিনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় রাষ্ট্রপতির সাথে তিনি কুশল বিনিময় করেন এবং বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুনের নেতৃত্বে সৌজন্য সাক্ষাৎ অনুষ্টিত হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্নেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,সাধারন সম্পাদক ও বনিক সমিতির সদস্য হামিদুল ইসলাম আজম, বনিক সমিতির সহ-সভাপতি হাফিজুর রহমান, হাজী রফিকুল আলম, কোষাধ্যক্ষ আলাউদ্দিন আহমেদ, যুগ্ম সম্পাদক শরিফুল ইসলাম ও জাহাঙ্গির আলম, ক্রীড়া সম্পাদক হাবিবুর রহমান, মদস্য সাইদুর রহমান, সাংবাদিক তানভীর সোহেল প্রমুখ।

এসময় নবাগত ওসি শেখ গনি মিয়া বলেন আমি নতুন যোগদান করার পর পরই জাতীয় নিরাবাচনের মত গুরু দায়িত্ব কাধে এসে পড়ল। আমি সঠিক ভাবে সেই গুরু দায়িত্ব এসপি মহদয়ের সহায়তায় পালন করতে সক্ষম হয়েছি। আপনারা ব্যাবসায়ি সংগঠনের নেতা ও সদস্য বৃন্দ আমি আপনাদের সহযোগীতা কামনা করছি।

আপনারা যদি আমাকে সহায়তা করেন তাহলে আমিও আপনাদের ঘুমের নিশ্চয়তা দিতে পারব। কারন আমার দায়িত্ব আলমডাঙ্গার সকল নাগরিক যাতে করে নিরাপত্বার সাথে থাকে সরকার আমাকে বা পুলিশ বিভাগকে সেই দায়িত্ব দিয়েছে। আমি পুলিশ সুপার মহদয়ের পরামর্শে আপনাদের সার্বিক সহায়তা করার আশ্বাস দিচ্ছি। সিসি ক্যামেরা যে গুলো স্বচল আছে সে গুলো তো চলবে,আর যে গুলো নষ্ট আছে সে গুলো সেরে আলমডাঙ্গা পৌর এলকা সিসি ক্যামেরার আওতায় আনতে হবে। মাদকের ব্যাপারে আমি কথা দিচ্ছি কঠোর হস্তে দমন করব। পরে সকলকে ধন্যবাদ জানান।

মুজিবনগর থানার নবাগত ওসির সাথে সাংবাদিকদের সৌজন্য সাক্ষাৎ

মুজিবনগর থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্ত এর সাথে সৌজন্য সাক্ষাৎ ও ফুলের শুভেচ্ছা জানিয়েছেন মুজিবনগর উপজেলার সাংবাদিকবৃন্দ।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় অফিসার ইনচার্জের অফিস রুমে সৌজন্য সাক্ষাৎ শেষে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের (সাবেক) সহ-সভাপতি দৈনিক জবাবদিহি পত্রিকার মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা, মুজিবনগর প্রেসক্লাবের (সাবেক) সাংগঠনিক সম্পাদক ভোরের কাগজ ও মেহেরপুর প্রতিদিনের উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান (শেরখান), বিজনেস বাংলাদেশ পত্রিকার জেলা প্রতিনিধি সানোয়ার হোসেন ডালিম, দৈনিক ইনকিলাব পত্রিকার মুজিবনগর প্রতিনিধি ফিরোজুর রহমান, দৈনিক সত্য খবর পত্রিকার মুজিবনগর প্রতিনিধি তুহিন, দৈনিক গড়ব বাংলাদেশ পত্রিকার মুজিবনগর উপজেলা প্রতিনিধি জাহিদ হাসান,দৈনিক সকালের সময় প্রত্রিকার মুজিবনগর প্রতিনিধি আব্দুল খালেক, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার মুজিবনগর প্রতিনিধি শরিফুল ইসলাম, দৈনিক মুজিবনগর টুডে প্রতিনিধি আনোয়ার হোসেন।

কুষ্টিয়া জেলা প্রশাসকের সাথে মৌবনের নির্বাহী পরিচালকের সৌজন্য সাক্ষাৎ

কুষ্টিয়ার জেলা প্রশাসক এহেতেশাম রেজা এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেছেন মৌবনের নির্বাহী পরিচালক এবং নারী বাতায়নের সভাপতি সাফিনা আঞ্জুম জনী।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট কুষ্টিয়ার কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ফুলেল শুভেচ্ছা ও সাফিনা আঞ্জুম জনীর লেখা “ধুপকাঠি” বইটি জেলা প্রশাসকের হাতে তুলে দেন।

সৌজন্য সাক্ষাৎ শেষে ‘মৌবন’ পরিচালিত নারী বাতায়নের কর্মকান্ড নিয়ে ভুয়সী প্রশংসা করেন এবং নারীর অগ্রগামী ভুমিকা পালনের জেলা প্রশাসক সন্তোষ প্রকাশ করেন।

নারী উদ্যোক্তাদের জন্য কাজ করতে হবে বলে জানিয়ে জেলা প্রশাসক বলেন, সমাজ ও রাষ্ট্রের উন্নয়নে যুগে যুগে নারীরা বিশেষভাবে অবদান রাখছেন। বিশেষ করে দেশের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে আমাদের নারী সমাজ নিজেদের আত্মনির্ভরশীল করার পাশাপাশি জাতীয়ভাবে অবদান রেখে যাচ্ছেন।

নারী বাতায়নের সভাপতি ও মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আঞ্জুম জনী বলেন, কুষ্টিয়ায় অনেক নারী উদ্যোক্তারা ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। অনেক নারীই নিজেদের ইচ্ছে ও চেষ্টার একাগ্রতায় হয়ে উঠেছে সফল উদ্যোক্তা। কেউবা আবার সেই পথেই হাঁটার স্বপ্ন দেখছেন। যারা সেই স্বপ্নের পথে হাঁটার ইচ্ছে পোষন করছেন তাঁদের সাহস ও সম্মান জানিয়ে তিনি বলেন, ‘নারীরা শুধু তাদের নিজেদের চেষ্টা ও আগ্রহে উদ্যোক্তা হয়ে উঠেছেন। অনেক নারী-উদ্যোক্তাদের ট্রেড লাইসেন্স থাকে না, টিন থাকে না, ব্যাংক হিসাব থাকে না। এজন্য তাদের ব্যবসা ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়নে নজর দেয়া প্রয়োজন।’

তাদের নিয়ে কাজ করতে সম্মিলিতভাবে চেষ্টা চালিয়ে যেতে হবে এবং তাদের এগিয়ে নিতে সাপ্তাহিক (নারী উদ্যোক্তাদের) হলিডে মার্কেট চালু ও নারী উদ্যোক্তাদের বিভিন্ন ক্ষেত্রে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিতসহ কুষ্টিয়ার নারী উদ্যোক্তাদের জন্য উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি গঠনে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন তিনি।